আলমডাঙ্গায় সরকারি ভাবে ধান সংগ্রহের জন্য লটারি

আলমডাঙ্গা খাদ্যগুদামে সরকারি ভাবে কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী প্রত্যেক ইউনিয়ের কৃষক দের কাছ থেকে দরখাস্ত আহবান করলে, তাদের দরখাস্ত মোতাবেক লটারির মাধ্যমে ক্রেতা নির্ধারণ করার জন্য গত বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে উপজেলা কৃষি অফিসে লটারি অনুষ্ঠিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।

তিনি এসময় বলেন, সরকার সরাসরি প্রান্তিক কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের জন্য ঘোষণা দেন। সেই লক্ষে আমরা উপজেলার সকল ইউনিয়ন ও পৌর সভার কৃষকদের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করতে চাই। কিন্ত আমাদের লক্ষ মাত্রা ১ হাজার ৩ শত ৮৪ মেঃ টন। মানে প্রত্যেক কৃষক ১ মেঃ টন করে ধান বিক্রয় করতে পারবে। লক্ষ মাত্রার চেয়ে বিক্রেতার সংখ্যা বেশি হওয়ায় আজ আমরা লটারির মাধ্যমে বিক্রেতা সিলেকশন করে দেব। তারা নির্ধারিত সময়ে খাদ্যগুদামে ধান সরবরাহ করবেন।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর মেয়র উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু, ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, উপজেলা কৃষি অফিসার, মোহাম্মদ আলী জিন্নাহ, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, উপজেলা খাদ্য কর্মকর্তা মোফাখাইরুল ইসলাম, গুদাম রক্ষক মিয়াজান হোসেন, খাদ্যপরিদর্শক রাবিবুল ইসলাম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল হোসেন, উপজেলা সমাজ সেবা অফিসার আফাজ উদ্দিন, উপজেলা প্রকল্প কর্মকর্তা এনামুল হক, ইউপি চেয়ারম্যান মাসুদ পারভেজ, আবু সাইদ পিন্টু, পৌর আওয়ামী লীগের সভাপতি, দেলোয়ার হোসেন, সম্পাদক মতিয়ার রহমান ফারুক, প্রেসক্লাবের সম্পাদক হামিদুল ইসলাম, সহ-সভাপতি জামসিদুল হক মুনি, প্রচার সম্পাদক শরিফুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা মৎস্যজীবী লীগের সভাপতি শাহাবুল ইসলাম, মিজানুর রহমান, সাইফুর রহমান পিন্টু, সহ শতাধিক কৃষক উপস্থিত ছিল।

লটারি করা হয় মোট ১৩৮৪ মেঃ টন ধান নেওয়া হবে। প্রতি কৃষক ১ টন করে ধান দিতে পারবে।

সাড়ে ৫’শ মানুষকে ‘ফ্রি বাজার’ দিলেন প্রকৌশলী টুটুল

এলাকার কর্মহীন, অসহায় ও দরিদ্র মানুষের মাঝে আবারও ‘ফ্রি বাজার’ দিয়ে আলোড়ন সৃষ্টি করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) আলিমুজ্জামান টুটুল।

শুক্রবার সকালে কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর ইউনিয়নে সাড়ে ৫’শ মানুষকে ‘ফ্রি বাজার’ দেওয়া হয়।

কর্মহীন, অসহায় ও দরিদ্র মানুষের মাঝে চাল, ডাল, আটা, তেল, আলু, পেঁয়াজ, রসুনসহ নিত্য প্রয়োজনীয় নানা পণ্য ও প্রায় ১৫-২০ পদের সবজি বিনামূল্যে বিতরণ করা হয়।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) আলিমুজ্জামান টুটুল বলেন, করোনা ভাইরাস প্রাদুর্ভাবে গৃহে আবদ্ধ অসহায় মানুষের মাঝে বিনামূল্যে ভ্রাম্যমাণ মুদি দোকান দিয়ে তাদের সহযোগিতা করার চেষ্টা করি।

তিনি জানান, হজ্বের জন্য জমানো টাকা থেকে এ মানবসেবা শুরু করেছি।

এ কাজে তাকে সার্বক্ষণিক সহযোগিতা করে আসছে তারই হাতে গড়া সংগঠন ‘গ্রীন চাইল্ড’র ৬০ জন স্বেচ্ছাসেবী শিক্ষার্থী। সাধারণ মানুষকে বিগত একমাস ধরে নিয়মিত সেবা দিয়ে যাচ্ছেন তিনি। এ পর্যন্ত সাত হাজারের অধিক মানুষের মাঝে প্রয়োজনীয় পণ্য দিয়ে সহযোগিতা করেছেন তিনি।

তিনি আরোও জানান, আজ সকালে সাড়ে ৫’শ মানুষের মাঝে এসব ব্যাগ ভর্তি করে প্রয়োজনীয় পণ্য সরবরাহ করা হয়েছে।তিনি বলেন, আমি আমার এলাকার মানুষের কষ্ট দেখে তাদের কষ্ট কিছুটা কমানোর জন্যই এই

উদ্যোগ নিয়েছি।

ক্ষুদ্র পরিসরে হলেও দেশের পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এ সহযোগিতার ধারা অব্যাহত রাখার প্রত্যাশা আলিমুজ্জামান টুটুলের। পাশাপাশি নিজ নিজ অবস্থান থেকে সাধ্যমতো অসহায় মানুষের পাশে দাড়াতে সমাজের বিত্তবানদের প্রতি আহ্বান জানান তিনি।

কাল থেকে কুষ্টিয়ার সকল দোকানপাট বন্ধ ঘোষণা

কুষ্টিয়া জেলার সকল উপজেলার শপিংমল, দোকানপাট বন্ধ ঘোষণা করেছে জেলা প্রশাসন।

শুক্রবার বিকেলে জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন এ ঘোষণা দেন।

তিনি বলেন, করোনা দুর্যোগকালীন বাজার মনিটরিং কমিটির সরেজমিন পর্যবেক্ষণ করে শুক্রবার দুপুর পর্যন্ত জেলা প্রশাসনের দেওয়া শর্তসমূহ উপেক্ষা করে মানুষের উপচে পড়া ভিড়, অসচেতনতা ও অবহেলার কারণে যথাযথভাবে প্রতিপালিত না হওয়ায় এবং পাশ্ববর্তী জেলার লোকজন বাজারে ক্রয়-বিক্রয়ের উদ্দেশ্যে এ জেলায় আসছে ফলে করোনা ভাইরাসের সংক্রমণ ভয়াবহতা বেড়ে যাওয়ার সম্ভাবনা দেখা দেওয়ায় শনিবার সকাল থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জেলার সকল উপজেলা পর্যায়ের সকল হাট-বাজার, ব্যবসা কেন্দ্র, দোকান-পাট, শপিংমলসমুহ বন্ধ ঘোষণা করা হলো।

তবে চিকিৎসা সংশ্লিষ্ট জরুরী সেবাসমুহ ও ঔষধের দোকান ও নিত্য প্রয়োজনীয় পণ্য, কৃষি পণ্য পরিবহনের যানবাহন এর আওতামুক্ত থাকবে।

জেলা প্রশাসক আরও জানান, এ আদেশ অমান্য করলে ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বামন্দী গ্রামে কাল বৈশাখী ঝড়ে আধা মিনিটের তান্ডবে ক্ষতিগ্রস্থ হয়েছে এসব বাড়ি ঘর।

স্থানীয়রা জানিয়েছে, রাত সাড়ে ১১টার দিকে হঠাৎ করে ঝড় শুরু হয়। ঝড়ের গতি এতটায় তীব্র ও শক্তিশালী যে কিছু বুঝে ওঠার আগেই ঘর বাড়ি দোকান পাট ও গাছপাড়া ভেঙ্গে যায়। রাত থেকে বন্ধ রয়েছে বিদ্যুৎ ব্যবস্থা।

ক্ষতিগ্রস্থদের মধ্যে অধিকাংশই নিম্ন আয়ের দিনমুজুর ও দরিদ্র পরিবার।

মুজিবনগরে ৯০ এতিম শিশুকে ইফতারি করালো পুনাক

মুজিবনগর সরকারী শিশু পরিবারের ৯০ এতিম শিশুদের মাঝে ইফতার বিতরন করেছেন মেহেরপুর জেলা নারী কল্যান সমিতি(পুনাক)।

শুক্রবার বিকালে জেলা পুলিশ নারী কল্যান সমিতির সভানেত্রী মিসেস তাহেরা রহমান উপস্থিত থেকে এ সকল ইফতার সামগ্রী বিতরন করেন।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (হেড কোয়াটার) হাসিবুল আলম, সহধর্মিনি ইরিন ইসরাত, সদর ওসি সর্হধর্মিনি, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুর পৌর মেয়রের সবজি

বিতরণ

মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর উদ্যোগে করোনা ভাইরাসের প্রভাবে কর্মহীন হয়ে পড়া দরিদ্র পরিবারের মধ্যে সবজি বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকালে শহীদ রিপন টাওয়ার থেকে শহরের বিভিন্ন এলাকার ৩শ টি দরিদ্র অসহায় দের মাঝে ডিম, পটল, ঢেঁড়স, লাউ শশা সহ বিভিন্ন ধরনের সবজি বিতরণ করা হয়।

করোনা পরিস্থিতিতে এর আগেও বেশ কয়েকবার মেয়র রিটনের উদ্যোগে সবজি ও ডিম বিতরণ করা হয়। এছাড়াও প্রতিটি পরিবারকে খাদ্য সহায়তা প্রদান অব্যাহত রয়েছে।

করোনায় আক্রান্ত হয়ে ব্র্যাক পরিচালকের মৃত্যু

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ব্র্যাকের দক্ষতা উন্নয়ন কর্মসূচির (এসডিপি) পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আফতাব উদ্দীন আহমদ মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়াইন্নইলাহি রাজিউন)। গতকাল বৃহস্পতিবার দুপুরে রাজধানীর সিএমএইচ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর।

এ ব্যাপারে ব্র্যাকের নির্বাহী পরিচালক আসিফ সালেহ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আফতাব উদ্দীন আহমদ রাজধানীর সিএমএইচ হাসপাতালে ফুসফুসজনিত জটিলতা নিয়ে চিকিৎসাধীন অবস্থায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা যান। চিকিৎসকরা জানান, তিনি কভিড-১৯ ভাইরাসে সংক্রমিত হয়েছিলেন। তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, ২০১৯ সালের অক্টোবর মাসে ব্র্যাকে যোগদান করেন আফতাব উদ্দীন আহমদ। এর আগে তিনি সেন্টার অব

এক্সিলেন্স ফর বাংলাদেশ অ্যাপারেল ইন্ডাস্ট্রির (সিইবিএআই) প্রধান নির্বাহী কর্মকর্তা ছিলেন। বাংলাদেশ মিলিটারি ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্সে (ইএমই) দীর্ঘ ২৭ বছরের বেশি সময়ের সফল কর্মজীবনে তিনি বহু গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

এছাড়া ইউনিসেফ, আন্তর্জাতিক শ্রম সংস্থা, আইকেইএ, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক, প্ল্যান ইন্টারন্যাশনাল, ওয়ার্ল্ড ব্যাংক, ইউরোপীয় কমিশন, সিটি ব্যাংক এনএসহ বেশ কিছু প্রতিষ্ঠান এবং বাংলাদেশ সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানে কাজ করেছেন আফতাব উদ্দীন আহমদ।

তাছাড়া জাতীয় শিক্ষানীতি, আনুষ্ঠানিক শিক্ষানীতি, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সংস্কার, এডুকেশন ওয়াচ ২০১৩ এবং করপোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) নীতি তৈরির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন তিনি।

গাংনীতে জেলা ছাত্রলীগের উদ্যোগে খাদ্য সামগ্রি বিতরণ

মেহেরপুরের গাংনীতে জেলা ছাত্রলীগের উদ্যোগে কর্মহীন মানুষের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। শুক্রবার সকাল ১০ টার সময় সংসদ সদস্যের বাস ভবনের সামনে এ খাদ্য সহায়তা প্রদান করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন,মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিশেষ অতিথি ছিলেন গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম,উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা।

মেহেরপুর জেলা ছাত্রলীগের যুম্ন সাধারণ সম্পাদক নাসেরুল ইসলাম মহনের সঞ্চালনায় ,জেলা ছাত্রলীগের সিনিয়র সহ সভাপতি আমিনুল ইসলাম সেন্টু,সহ সভাপতি ফয়সাল জাহান শিশির,যগ্ম সাধারণ সম্পাদক ডালিম

রানা,উপ-দপ্তর সম্পাদক শাহিন রেজা,মানব উন্নয়ন বিষয়ক সম্পাদক মাসুদ রানা মিল্টন এসময় উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলার গাংনী উপজেলার ৯ টি ইউনিয়নের প্রায় ১ হাজার পরিবারকে খাদ্য সহায়তা দেবে জেলা ছাত্রলীগ।

মেহেরপুরে মদনাডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় এক ব্যক্তি নিহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের মদনাডাঙ্গা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় জাহিদুল ইসলাম নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। শুক্রবার সকালের দিকে এ ঘটনা ঘটে।
নিহত জাহিদুল ইসলাম মেহেরপুর গাংনী উপজেলার কুমারী ডাঙ্গা গ্রামের আহমদ আলীর ছেলে। জানা গেছে জাহিদুল ইসলাম মোটর সাইকেল যোগে নিজ বাড়ি থেকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামে আসার পথে মদনডাঙ্গা ।

গ্রামে একই দিক থেকে আসা একটি ট্রাক্টরকে ওভারটেক করতে গিয়ে ছিটকে ট্রাক্টর এর নিচে চাপা পড়ে। এ সময় তাকে দ্রুত মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল নেয়ার পথে তার মৃত্যু হয়।